দৈনিক ইত্তেফাক

24/11/2000

তাং ... ... ... ... ... ... ...
পৃঃ 10 কলাম 2

# ডিআইআইটিতে কম্পিউটার সায়েন্স ও বিবিএ প্রোগ্রামে ভর্তি

ডেফোডিল ইন্সটিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (ডিআইআইটি)-তে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০০১-২০০২ শিক্ষাবর্ষে ৪ বছর মেয়াদী কম্পিউটার সায়েন্স ও বিবিএ অনার্স প্রোগ্রামে ভর্তি ফরম বিতরণ শুরু হয়েছে।

ভর্তির যোগ্যতাঃ (ক) কম্পিউটার সায়েন্সঃ এ কোর্সে ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রীদের এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হতে হবে এবং উচ্চ মাধ্যমিক বা সমমানের পর্যায়ে পদার্থ বিজ্ঞান/গণিত/পরিসংখ্যান/কম্পিউটার শিক্ষায় ৪৫% নম্বর থাকতে হবে। ৪ বছর মেয়াদী উল্লিখিত কোর্সে মোট খরচ ১ লাখ ৭০ হাজার টাকা, যার মধ্যে প্রতি মাসে বেতন ২ হাজার টাকা হারে, প্রথম বর্ষে ভর্তি ফি ২০ হাজার টাকা এবং পরবর্তী প্রতি বছরে সেশন ফি ১৮ হাজার টাকা হারে। (খ) বিবিএ কোর্সঃ ব্যবসায় প্রশাসনের এ কোর্সটিতে ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হতে হবে। যে কোন বিভাগ থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের বিবিএ কোর্সে ভর্তির সুযোগ রয়েছে। কোর্সটি সমাপ্ত করতে ৪ বছরে মোট খরচ ১ লাখ ৩০ হাজার টাকা প্রয়োজন। যার মধ্যে প্রতি মাসে বেতন ১৫০০ টাকা হারে, প্রথম বর্ষে ভর্তি ফি ১৪ হাজার টাকা এবং পরবর্তী প্রতি বছর সেশন ফি ১৪ হাজার টাকা হারে।

যোগাযোগের ঠিকানাঃ ৬৪/৩, লেক সার্কাস, কলাবাগান
ধানমন্ডি, ঢাকা-১২০৫, ফোনঃ ৮১২৬৭২৯, ৯১২২৩০১।